# বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

## Digital Marketing , Generative AI & Prompt Engineering

## প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা

### বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দক্ষ মানবসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায়

"Digital Marketing for Freelancing (NSDA Level-3)" এবং "Generative AI & Prompt Engineering" প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে চুক্তিভিত্তিক প্রশিক্ষক (Trainer) নিয়োগের জন্য যোগ্য, দক্ষ, সৃজনশীল ও অভিজ্ঞ বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ১. পদের বিবরণ | |
|---|---|
| পদের নাম | Trainer (Digital Marketing & AI Technologies) |
| পদ সংখ্যা | ১১ (এগারো) জন |
| নিয়োগের ধরন | চুক্তিভিত্তিক |
| চুক্তির মেয়াদ | 3 মাস / ৯০ দিন |
| নবায়ন | কর্মদক্ষতা, প্রকল্পের প্রয়োজন ও কর্তৃপক্ষের সন্তুষ্টির ভিত্তিতে নবায়নযোগ্য। |
| বেতন/ভাতা | ১০৫,০০০/- (এক লাখ পাঁচ হাজার) টাকা ৯০ দিন এর জন্য "সর্বসাকুল্যে" |
| কর্মস্থল | বাংলাদেশের যে কোনো জেলা/প্রশিক্ষণ কেন্দ্র |
| সাপ্তাহিক ছুটি | শুক্রবার |
| অন্যান্য ছুটি | বাংলাদেশ সরকারের প্রচলিত বিধি-বিধান অনুযায়ী |

### ২. শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা

আবেদনকারীকে নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে

১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক (Bachelor's Degree) বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

২. NSDA অনুমোদিত Digital Marketing Level-4 সনদধারী হতে হবে।

৩. Digital Marketing for Freelancing বিষয়ে ন্যূনতম ৩ (তিন) থেকে ৪ (চার) টি ব্যাচ সফলভাবে সম্পন্ন করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

8. NSDA Assessment-এ প্রশিক্ষণার্থীদের কমপক্ষে ৭০%-৮০% বা তার অধিক উত্তীর্ণের হার নিশ্চিত করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

৫. Generative AI & Prompt Engineering বিষয়ে Basic থেকে Mid-Level পর্যায়ের ব্যবহারিক জ্ঞান এবং প্রশিক্ষণ পরিচালনার সক্ষমতা থাকতে হবে।

৬. আধুনিক AI Tools যেমন ChatGPT, Google Gemini, Google Veo, Claude, Grok AI, Microsoft Copilot, ইত্যাদি।

৭. বাংলা ও ইংরেজি ভাষায় সাবলীল যোগাযোগ, প্রেজেন্টেশন এবং প্রশিক্ষণ পরিচালনায় দক্ষ হতে হবে।

৮. Microsoft Office, Google Workspace, Online Meeting Platform (Zoom/Google Meet) এবং Internet Research-এ দক্ষতা থাকতে হবে।

### ৩. দায়িত্ব ও কর্তব্য

নির্বাচিত প্রার্থীকে নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করতে হবে-

- ৯০ (নব্বই) দিনের Digital Marketing for Freelancing প্রশিক্ষণ পরিচালনা।
- ১৫ (পনের) দিনের AI & Prompt Engineering প্রশিক্ষণ পরিচালনা।
- NSDA অনুমোদিত কারিকুলাম ও মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষণ পরিকল্পনা, Lesson Plan, Attendance, Assignment, Practical Lab এবং Continuous Assessment পরিচালনা।
- প্রশিক্ষণার্থীদের NSDA Assessment-এর জন্য প্রস্তুত করা।
- প্রশিক্ষণার্থীদের কমপক্ষে ৭০%-৮০% অথবা তার অধিক উত্তীর্ণ নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
- প্রশিক্ষণের অগ্রগতি, মূল্যায়ন, ফলাফল ও প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা।
- প্রয়োজন অনুযায়ী Digital Marketing ও AI Course Content নিয়মিত হালনাগাদ করা।
- কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য প্রশাসনিক ও একাডেমিক দায়িত্ব যথাযথভাবে পালন করা।

### ৪. বিশেষ শর্তাবলী

১. আবাসিক ভাবে (Residential) দায়িত্ব পালনের মানসিকতা থাকতে হবে।

২. বাংলাদেশের যে কোন জেলা, উপোজেলা অথবা প্রশিক্ষণ কেন্দ্রে দায়িত্ব পালনে প্রস্তুত থাকেত হবে।

৩. প্রশিক্ষণকালীন সময়ে প্রার্থীকে পূর্ণকালীন (Full-Time) ভিত্তিতে দায়িত্ব পালন করতে হবে।

৪. সরকারি/আধা-সরকারি প্রিতিষ্ঠানের শৃঙ্খলা, আচরণবিধী ও প্রশাসনিক নির্দেশনা মেনে চলতে হবে।

৫. সততা, দিায়িত্ববোধ, সময়ানুবর্তীতা এবং দলগতভাবে কাজ করার মানসিকতা থাকেত হবে।

### ৫. আবেদন পত্রের সাথে সংযুক্ত করেত হবে

- হালনাগাদ জীবনবৃত্তান্ত (Curriculum Vitae)।
- সকল শিক্ষাগত যগ্যতার সনদপত্র।
- NSDA Level-4 সনদের কপি।
- জাতীয় পিরচয়পত্রের ফটোকপি।
- সাম্প্রিতক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ।
- অভিজ্ঞতার সনদপত্র।
- অন্যান্য প্রাসঙ্গিক প্রশিক্ষণ/দক্ষতার সনদপত্র (যদি থাকে)।

### ৬. নির্বাচন পদ্ধতি

যোগ্য প্রার্থীদের নিম্নোক্ত ধাপে মূল্যায়ন করা হবে-

- আবেদনপত্র যাচাই
- মৌখিক সাক্ষাৎকার
- প্রয়োজনবোধে ডেমো ক্লাস (Demo Class)
- ব্যবহারিক মূল্যায়ন (Practical Assessment)

নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত প্রার্থী নির্বাচন করা হবে।

### ৭. বয়সসীমা

আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ২৫ বছর এবং সর্বোচ্চ ৫০ বছর এর ভেতর হতে হবে। তবে অধিক অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বয়স শিথিল করার অধিকার সংরক্ষণ করে।

### ৮. অগ্রাধিকার প্রাপ্ত প্রার্থী

- নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে-
- NSDA অনুমোদিত Trainer হিসেবে অভিজ্ঞতা।
- Digital Marketing Agency/Company-তে বাস্তব কাজের অভিজ্ঞতা।
- Freelancing Marketplace (Fiverr, Upwork, Freelancer.com ইত্যাদি)-এ সক্রিয় কাজের অভিজ্ঞতা।
- AI Tools ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনার অভিজ্ঞতা।
- CBT&A Level-4 under the NSDA সম্পন্নকারী প্রার্থী।

### ৯. সাধারণ শর্তাবলী

১. অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২. নিয়োগের পূর্বে সকল মূল সনদপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন করতে হবে।

৩. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৪. কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৫. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোনো অংশ সংশোধন, সংযোজন, স্থগিত বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**আবেদন পাঠানোর ঠিকানা**
**ই-মেলঃ projecttraining28@gmail.com**

**সাপোর্ট নম্বরঃ +880 1731-962681**

**জব পোর্টাল লিংকঃ**
**https://avjobs.ansarvdp.gov.bd**

**আবেদনের শেষ তারিখঃ**
**১২ই আগস্ট ২০২৬ দুপুর ২ টা পর্যন্ত**

যোগ্য, অভিজ্ঞ, কর্মঠ ও দায়িত্বশীল প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য আহ্বান জানানো যাচ্ছে।

CamScanner